

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-২
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেবেল-১৫, ৬২/৩, পুরানা
পল্টন, ঢাকা-১০০০।

নম্বর ২৬.০৩.০০০০.০০২.১৮.০২৯.২০.৭১৩

তারিখ: ৬ পৌষ ১৪২৯
২১ ডিসেম্বর ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: দপ্তরে আগত সেবা প্রার্থীদের কাঙ্ক্ষিত সেবা গ্রহণের জন্য করণীয় বিষয়ে নির্দেশনা।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রায় শতভাগ সেবা অনলাইনে প্রদান করা হচ্ছে। তদুপরি সাধারণক্ষেত্রে সেবা সম্পর্কিত প্রয়োজনীয় প্রায় সকল তথ্য এ দপ্তরের ওয়েবসাইটে (www.ccie.gov.bd) প্রকাশিত হওয়ায় তথ্য/সেবা গ্রহণের উদ্দেশ্যে এ দপ্তরে সশরীরে উপস্থিত হওয়ার যৌক্তিকতা নেই। কিন্তু ইদানীং বিশেষভাবে লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্নক্ষেত্রে প্রকৃত সেবাগ্রহীতা ব্যতীত একধরনের মধ্যস্বত্বভোগী শ্রেণি মিথ্যা পরিচয়ে সশরীরে উপস্থিত হয়ে প্রতিষ্ঠানের পক্ষে হেল্পডেস্ক থেকে সেবা গ্রহণ করছেন। এর ফলে প্রকৃত সেবাগ্রহীতাগণ তাঁদের কাঙ্ক্ষিত সেবা গ্রহণ হতে বঞ্চিত হওয়ার পাশাপাশি মধ্যস্বত্বভোগীদের দ্বারা বিভ্রান্ত হচ্ছেন।

২। বর্ণিত অবস্থায়, সেবা সম্পর্কিত জরুরি ক্ষেত্র ব্যতীত এ দপ্তরে সশরীরে উপস্থিতি নিরুৎসাহিত করার পাশাপাশি বিভ্রান্তি রোধে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অথবা বিকল্প ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত প্রতিনিধি তাঁর অনুকূলে প্রদত্ত (ক) ক্ষমতা অর্পণ পত্র (Letter of Authorization)/ অফিসিয়াল ফটো আইডি কার্ড এবং (খ) জাতীয় পরিচয়পত্র (NID) প্রদর্শনপূর্বক এ দপ্তরের হেল্পডেস্ক থেকে সেবা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-১২-২০২২

মোঃ তারিকুল ইসলাম

সহকারী নিয়ন্ত্রক-১

ফোন: ০২-৪১০৫০৫৩৬

ফ্যাক্স: 02-9550217

ইমেইল: ac1.ho@ccie.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সংশ্লিষ্ট সকল সেবাপ্রার্থীগণ।
- ২) হেল্পডেস্কে দায়িত্বরত সকল কর্মকর্তা/কর্মচারীগণ।
- ৩) জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী কর্মকর্তা, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪) আইটি শাখা, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ৫) প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা {অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব) মহোদয়ের সদয় অবগতির জন্য}।
- ৭) অফিস কপি।